Sate
Publish in the web page.
[illegible] ২৯.৩.১৭

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

স্মারক নং-এলজিইডি/সিই/এ-৬৫/২০১৭/১৮৩৩

তারিখ : ০৫-১২-১৪২৩ বঙ্গাব্দ
১৯-০৩-২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সরকারি উন্নয়মূলক কাজের দরপত্র বিজ্ঞপ্তি'র "প্রচার ও বিজ্ঞাপণ" (কোড নং-৪৮৩৩) উপ-খাতের ব্যয় নির্বাহ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অনুন্নয়ন ও উন্নয়ন বাজেটের আওতায় জেলা ও উপজেলা পর্যায়ে পল্লী সড়ক ও কালভার্ট মেরামত ও রক্ষণাবেক্ষণসহ সরকারী জনগুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে দরপত্র বিজ্ঞপ্তি প্রচার সংক্রান্ত বিষয়সমূহ সরকারী নীতিমালা অনুযায়ী জাতীয় দৈনিক ও স্থানীয় পত্রিকায় প্রকাশিত হয়। প্রকাশিত বিজ্ঞপ্তি সমূহের ব্যয় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অনুন্নয়ন ও উন্নয়ন বাজেটের "প্রচার ও বিজ্ঞাপণ" (কোড নং-৪৮৩৩) উপ-খাত হতে নির্বাহ করা হয়। কিন্তু, লক্ষ্য করা যাচ্ছে যে, সকল উন্নয়ন প্রকল্পের ডিপিপি'তে বর্ণিত উপ-খাতটি অন্তর্ভুক্ত ও প্রয়োজনীয় অর্থ বরাদ্দ থাকা সত্ত্বেও সংশ্লিষ্ট উন্নয়ন প্রকল্প হতে জেলা ও উপজেলা কার্যালয়সমূহে "প্রচার ও বিজ্ঞাপণ" (কোড নং-৪৮৩৩) উপ-খাতের বিপরীতে কোন অর্থ বরাদ্দ প্রদান করা হয় না। ফলে, বিপুল পরিমাণ বিজ্ঞপণ বিল বকেয়া থাকে। তাছাড়া উন্নয়ন প্রকল্প সমূহের ডিপিপি'তে অন্তর্ভুক্ত বর্ণিত খাতের বিপরীতে বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট আয়ন-ব্যয়নকারী পরবর্তীতে ভিন্ন খাতে উপযোজনের মাধ্যমে স্থানান্তর করে ব্যয় করেন। যা, একটি মারাত্মক আর্থিক অনিয়ম।

এমতাবস্থায়, বর্ণিত আর্থিক অনিয়ম পরিহার এবং "প্রচার ও বিজ্ঞাপণ" (কোড নং-৪৮৩৩) উপ-খাতের অর্থ সুষ্ঠুভাবে ব্যয় নির্বাহ করার লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলো ঃ

(০১) অনুন্নয়ন বাজেটের আওতায় পল্লী সড়ক ও কালভার্ট মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং অনুন্নয়ন বাজেটের আওতায় সরকারি অন্যান্য উন্নয়নমূলক কাজ বাস্তবায়নের জন্য আহবাকৃত দরপত্র বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশের ব্যয় বিল অনুন্নয়ন বাজেটের "প্রচার ও বিজ্ঞাপণ" (কোড নং-৪৮৩৩) উপ-খাত হতে নির্বাহ করতে হবে।

(০২) উন্নয়ন প্রকল্পের আওতায় জেলা ও উপজেলা পর্যায়ে উন্নয়নমূলক কাজ বাস্তবায়নের জন্য আহবানকৃত দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের ব্যয় "প্রচার ও বিজ্ঞাপণ" (কোড নং-৪৮৩৩) উপ-খাত থেকে সংশ্লিষ্ট প্রকল্পের উন্নয়ন বাজেট হতে পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(০৩) সকল উন্নয়ন প্রকল্পের ডিপিপি প্রস্তুতের সময় বর্ণিত উপ-খাতটি সংযুক্তকরণসহ প্রয়োজনীয় অর্থের প্রস্তাব রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(শ্যামা প্রসাদ অধিকারী)
প্রধান প্রকৌশলী
ফোন : ০২-৯১২৪০২৭
ই-মেইল : ce@lged.gov.bd

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে

- অতিরিক্ত প্রধান প্রকৌশলী ( ), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
- অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ________ বিভাগ, ________
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী ( ), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, অঞ্চল : ________, জেলা ________
- প্রকল্প পরিচালক, ________
- নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জেলা : ________
- উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, উপজেলা : ________, জেলা : ________

E:\Nazrul\Letter.doc